দৈনিক
জনকণ্ঠ

তারিখ ০৭ 6 FEB 2007
পৃষ্ঠা ১২ কলাম ৩

শহীদ আনোয়ার গার্লস স্কুলের সুবর্ণজয়ন্তি

# দেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে হবে ॥ শিক্ষার্থীদের প্রতি জে. মইন

নিয়মিত অনুশীলনের মাধ্যমে নিজেদের যোগ্য করে গড়ে তুলতে এবং আগামী দিনে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন সেনাবাহিনীপ্রধান লে. জে. মইন ইউ আহমেদ। বৃহস্পতিবার ক্যান্টনমেন্টের শহীদ আনোয়ার গার্লস স্কুলের সুবর্ণজয়ন্তি অনুষ্ঠানে ভাষণ দেয়ার সময় তিনি এ কথা বলেন। খবর এটিএন বাংলার। ১৯৫৭ সালে ক্যান্টনমেন্ট মডেল হাইস্কুল নামে যাত্রা শুরু করেছিল এখনকার শহীদ বীরউত্তম লে. আনোয়ার গার্লস কলেজ। তারপর দীর্ঘ পথ পাড়ি দিয়ে প্রতিষ্ঠানটি পূর্ণ করেছে অর্ধশত বছর। তাই এদিনটি ছিল এই স্কুলের প্রাক্তন ও বর্তমান শিক্ষক ও ছাত্রছাত্রীদের জন্য স্মরণীয়

(১১- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## দেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে

(১২-এর পাতার পর)

একটি দিন। এ উপলক্ষে আয়োজিত আনন্দমুখর অনুষ্ঠানের উদ্বোধন করেন সেনাবাহিনীপ্রধান লে. জে. মইন ইউ আহমেদ। মানসম্মত উন্নত শিক্ষা ব্যবস্থার পাশাপাশি খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ড চালু রাখার ওপর গুরুত্ব দেন তিনি। তিনি বলেন, গৌরবময় ঐতিহ্য প্রতিষ্ঠা করে নিজের পরিচয়কে তুলে ধরার ক্ষেত্রে খেলাধুলা ও সংস্কৃতি চর্চা একটি শক্তিশালী মাধ্যম। নিয়মিত অনুশীলনের মাধ্যমে নিজেদের যোগ্যতর করে গড়ে তুলবে এই চেষ্টা অবশ্যই করবে। ইনশাআল্লাহ তোমরাই পারবে আগামী দিনে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে।

সুবর্ণজয়ন্তির এই অনুষ্ঠান আজ শুক্রবারও চলবে।